

Half Yearly Examination-2023-2024

শ্রেণি (Class) : ষষ্ঠ (6)

বিষয় (Subject) : বাংলা (Bengali)

সময় (Time) : ৩ ঘণ্টা (3 Hours)

মোট নম্বর (Full Marks) : 80

ক-বিভাগ (Group-A) 10 Marks

1. ✓ নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও : 2×5 = 10

একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি বাংলাভাষাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেওয়ার দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মিছিলে (পুলিশের গুলিতে নিহত হন সালাম, বরকত, রফিক, জব্বার সহ বেশ কয়েকজন) মাতৃভাষার জন্য তাঁদের আত্মত্যাগ ইতিহাসে এক নজিরবিহীন ঘটনা। তখন থেকেই দিনটি 'শহিদ দিবস' হিসেবে পালিত হয়ে আসছে। ১৯৯৯ সালের ১৭ই নভেম্বর প্যারিসে অনুষ্ঠিত ইউনিস্কোর সাধারণ সম্মেলনে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা দেওয়া বাংলাদেশের পক্ষ থেকে প্রস্তাব দেওয়া হয়। (২০০০ সাল থেকে সারা বিশ্বে দিনটি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসাবে পালিত হচ্ছে।) (পৃথিবীর মাতৃভাষা সমূহের উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা নেওয়ার ব্যাপারে এবং পৃথিবীর কোনো ভাষা যাতে হারিয়ে না যায় তা রোধ করতে এই দিবস অনুপ্রেরণার প্রতীক হয়ে দাঁড়ায়।)

(ক) ✓ কোন্ তারিখে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' পালন করা হয়?

(খ) ✓ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কেন মিছিল করে?

(গ) ✓ পুলিশের গুলিতে কাদের মৃত্যু হয়?

(ঘ) ✓ কত সাল থেকে সমগ্র বিশ্ববাসী 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' পালন করছে?

(ঙ) ✓ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের লক্ষ্য কী?

খ-বিভাগ (Group-B) 35 Marks

2. নীচের পদ্যাংশটি মনোযোগ দিয়ে পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও : $1 \times 5 = 5$

হেরিলে মায়ের মুখ

দূরে যাবে সব দুখ,

মায়ের কোলেতে শুয়ে জুড়ায় পরান,

মায়ের শীতল কোলে

সকল যাতনা ভোলে

কত না সোহাগে মাতা বুকটি ভরান।

কত করি উৎপাত

আবদার দিন রাত,

সব সন হাসি মুখে, ওরে সে যে মা!

(ক) কার মুখ দেখলে সব দুঃখ দূরে চলে যায়?

(খ) কোথায় শুয়ে আমাদের প্রাণ জুড়ায়?

(গ) আবদার _____ রাত। (শূন্যস্থান পূরণ করো)

(ঘ) মায়ের শীতল কোল পেয়ে আমরা কী ভুলে যাই?

(ঙ) শব্দার্থ লেখো : আবদার, উৎপাত।

3. শুদ্ধ রূপটি লেখো :

$1 \times 4 = 4$

ক) অবিভূত/অভিবূত/অভিভূত

খ) পীড়িত/পিড়িত/পিডীত

গ) পীপিলিকা/পিপীলিকা/পিপিলিকা

ঘ) দৃষ্টান্ত/দৃস্টান্ত/দৃস্টান্ত

4. পদ নির্ণয় করো : মধু, তুমি, ব্রজেশ্বর

$1 \times 3 = 3$

5. পদ পরিবর্তন করো : আনন্দ, শিক্ষা, পালন।

$1 \times 3 = 3$

6. শব্দার্থ লেখো : দৃষ্টান্ত, প্রাচীর, অভিভূত. $1 \times 3 = 3$
7. বিপরীত শব্দ লেখো : বীরপুরুষ, পরাজয়, অধিক $1 \times 3 = 3$
8. বাক্য রচনা করো : উৎপাত, বন্দুক, দুর্বল, চিৎকার $1 \times 4 = 4$
9. নীচের প্রশ্নটির উত্তর দাও : $5 \times 2 = 10$

ক) “দয়ার স্নেহ ক্ষুদ্র দেহে বিশাল পারাবার”

— ক্ষুদ্র দেহ কার?

— ‘পরিবার’ শব্দের অর্থ কী?

— আলোচ্য অংশে কবি কি বলতে চেয়েছেন?

খ) “আমি পরাজয় স্বীকার করিলাম”

অ) কে, কার কাছে পরাজয় করল?

আ) বস্তু কেন পরাজয় স্বীকার করেছিল?

$2+3 = 5$

গ-বিভাগ (Group-C) 35 Marks

10. সন্ধি বিচ্ছেদ করো : বিদ্যালয়, দুর্যোগ, মিষ্টান্ন $1 \times 3 = 3$
11. গদ্যরূপ লেখো : সকল, দেখি যাহা, শিরে, নত করি $1 \times 4 = 4$
12. লিঙ্গ পরিবর্তন করো : স্বাভাব, অনাথা, সিংহ $1 \times 3 = 3$
13. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোন দুইটি) : $5 \times 2 = 10$
- ক) “যারা ছিলেন টাকাওয়ালা তাদের গাড়ি ছিল”
- অ) উদ্ভূতাংশটি কার, কোন্ গদ্যাংশ থেকে গৃহীত?
- আ) তাদের গাড়ি কেমন ছিল? $2+3 = 5$
- খ) “সেখানে থেকে লিখে পাঠিয়েছে”
- অ) কে, কোথা থেকে লিখে পাঠিয়েছেন?
- আ) পত্র পেয়ে নন্দরানির মনের অবস্থা কেমন হয়েছিল?
- ই) গুরুদেবের জন্য তিনি কী করেছিলেন? $1+2+2 = 5$
- গ) ‘গুরুদেব অগ্যা তাতেই বসলেন’— গুরুদেব কীসের উপর বসলেন তা বর্ণনা করো। 5

14. নীচের প্রশ্নটির উত্তর দাও (যে কোন একটি) : 5×1 = 5
- ক) “উড়ে যেতে মানা নেই/বাসা খানি ফেলে তার”
- অ) কার, কোন্ কবিতার অংশ?
- আ) কে, কেন বাসা ফেলে উড়ে যেতে চায়? 2+3 = 5
- খ) “সাগরে যে অগ্নি থাকে কল্পনা সে নয়,”
- অ) এখানে কাকে, কেন ‘সাগর’ বলা হয়েছে?
- আ) সাগরে অগ্নি থাকা কবি কোন্ অর্থে প্রয়োগ করেছেন? 2+3 = 5
15. পত্র রচনা : 5
- ✓ আসন্ন পরীক্ষার প্রস্তুতির কথা জানিয়ে মার কাছে পত্র লেখো।
16. অনুচ্ছেদ রচনা লেখো (যে কোন ১টি) : 5
- অ) স্বামী বিবেকানন্দ, আ) রবীন্দ্রনাথ ঠাকুর
- অথবা
- নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :
- (নদীর বুকে ব্রজেশ্বরের বজরা এগিয়ে চলেছে) রঞ্জরাজের সংকেত পাওয়ার পর (ছিপের পঞ্চাশজন ডাকাত উঠে বসল) (এর আগে তারা নিজেদের অদৃশ্য রাখার জন্য ছিপে শুয়েছিল) এবার তাদের অস্ত্রগুলো নৌকার চেলাকাঠের উপর রেখে দিয়ে দাঁড় টানতে লাগল (ছিপটি নদীর বুকে ভাসমান বজরার দিকে এগিয়ে চলল।)
- ক) নদীর বুকে কারা এগিয়ে চলেছে?
- খ) ছিপে কতজন ডাকাত ছিল?
- গ) ডাকাতরা নিজেদের অদৃশ্য করে রাখার জন্য কোথায় শুয়েছিল?
- ঘ) নদীর বুকে ছিপটি কোন্ দিকে এগিয়ে চলল?
- ঙ) ‘ছিপ’ শব্দটির অর্থ কী?